

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৬৮৭

১/ বিবিধ

আরবী

اتخذوا السودان فإن ثلاثة منهم من سادات أهل الجنة، لقمان الحكيم، والنجاشي،
وبلال المؤمن".
ضعيف جدا

رواه ابن حبان في " الضعفاء " (1 / 170) والطبراني (3 / 123 / 2) وعنه ابن عساكر
(3 / 232 / 2) من طريق عثمان بن عبد الرحمن الطرائفي: أخبرنا أبي بن سفيان
المقدسي عن خليفة بن سلام عن عطاء بن أبي رباح عن ابن عباس مرفوعا
وهذا إسناد ضعيف جدا أبي بن سفيان قال ابن حبان: " كان يقلب الأخبار، وأكثر
روايته عن الضعفاء ". قال البخاري: " لا يكتب حديثه ". وقال الدارقطني: " ضعيف له
مناكير ". والحديث ذكره ابن الجوزي في " الموضوعات " من رواية ابن حبان وقال
ابن الجوزي: (2 / 232) : " لا يصح، والمتهم به أبين كان يقلب الأخبار، وعثمان لا
يحتج به ". قلت: عثمان صدوق، وإنما ضعف لروايته عن الضعفاء، وهذا لا يقدر فيه،
وقد وثقه ابن معين، وعله الحديث أبين هذا وإعلال ابن الجوزي له بعثمان أيضا قد
تبع فيه ابن حبان، فقد قال عقب الحديث: وعثمان بن عبد الرحمن قد تبرأت من
عهدته، هذا متن باطل لا أصل له

ثم ذكر السيوطي شاهدا من حديث واثلة بن الأسقع، أخرجه الحاكم (4 / 284) لكن
ليس فيه الأمر باتخاذ السودان، ولا أنهم من سادات أهل الجنة، وذكر مهجعا بدل
النجاشي. فهو شاهد قاصر. ويعارض هذا الحديث أحاديث رويت في ذم السودان

يأتي بعضها، فانظر الأرقام (726 و 727، 3218)

বাংলা

৬৮৭। তোমরা সুদানকে (বাসস্থান হিসাবে) গ্রহণ কর। কারণ তাদের মধ্য হতে তিনজন হচ্ছে জাম্মাতীদের সর্দারঃ লোকমান আল-হাকীম, নাজ্জাশী এবং মুয়াযযিন বিলাল।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু হিব্বান "আয-যোয়াফা" (১/১৭০) গ্রন্থে, তাবারানী (৩/১২৩/১) এবং তার থেকে ইবনু আসাকির (৩/২৩২/২) উছমান ইবনু আবদির রহমান আত-তারায়েফী হতে তিনি উবাইন ইবনু সুফিয়ান আল-মাকদেসী হতে তিনি খালীফাহ ইবনু সালাম হতে তিনি আতা ইবনু আবী রাবাহ হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি নিতান্তই দুর্বল। উবাইন সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি খবরগুলোকে উলট পালট করে ফেলতেন। তার অধিকাংশ বর্ণনাই দুর্বল বর্ণনাকারীদের থেকে। ইমাম বুখারী বলেনঃ তার হাদীছ লিখা যাবে না। দারাকুতনী বলেনঃ তিনি দুর্বল, তার বহু মুনকার রয়েছে।

হাদীছটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে ইবনু হিব্বানের বর্ণনা হতে উল্লেখ করে (২/২৩২) বলেছেনঃ হাদীছটি সহীহ নয়। এর দ্বারা উবাইনকে মিথ্যার দোষে দোষী করা হয়েছে। তিনি হাদীছগুলোকে উলট পালট করে ফেলতেন। আর উছমানের দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

আমি (আলবানী) বলছিঃ উছমান সত্যবাদী। দুর্বল বর্ণনাকারীদের থেকে বর্ণনা করার কারণে তাকে দুর্বল বলা হয়েছে। তাকে ইবনু মাঈন নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

সুয়ুতী ওয়াছিলা ইবনুল আসকা'-এর হাদীছ হতে একটি শাহেদ উল্লেখ করেছেন। যেটিকে হাকিম (৪/২৮৪) উল্লেখ করেছেন। কিন্তু ভাষার সাথে মিল না থাকার কারণে সেটি শাহেদ হওয়ার যোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71566>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন